MIDNAPORE CITY COLLEGE LIBRARY ESTD.-2007

**2019**

**B.A. (Hons.)**

**2nd Semester Examination**

# BENGALI

**Paper – GE2T**

**কাব্য সাহিত্যের ধারা ও বৈষ্ণব পদাবলীর পাঠ**

Full Marks : 60 Time : 3 Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**বিভাগ-ক**

যে কোন *দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

১। 'চর্যাপদ' কী নামে কবে কোথা থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়? চর্যার টীকাগ্রন্থটির নাম কী?

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কতগুলি খণ্ড রয়েছে? প্রথম চারটি খণ্ডের নাম লেখো।

৩। বিজয়গুপ্ত কোন সময়ের কবি? তাঁর কাব্যের নাম কী?

৪। মঙ্গলকাব্যের দুটি গঠনগত বৈশিষ্ট্য উল্লেখ করো।

৫। 'বাইশা' বলতে কী বোঝো?

[ Turn Over ]

৬। বিদ্যাপতি কোথাকার কবি ছিলেন? তাঁর রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

৭। মধুসূদন দত্ত রচিত পত্রকাব্যটির নাম লেখো। এই কাব্যটি রচনায় কোন পাশ্চাত্য কবির কোন কাব্যের প্রভাব রয়েছে?

৮। নিম্নলিখিত গ্রন্থগুলির প্রকাশসাল ও লেখকদের নাম লেখো :

'সোনার তরী', 'চোরাবালি', 'অর্কেস্ট্রা', 'বনলতা সেন'

৯। আধুনিক কবি হিসেবে জীবনানন্দের দুটি কাব্যবৈশিষ্ট্য উল্লেখ করো।

১০। নজরুলের কবিসত্তার মূল বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো।

১১। 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মিলিয়ে দাও।

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| সুধীন্দ্রনাথ দত্ত | সন্দ্বীপের চর |
| শক্তি চট্টোপাধ্যায় | অভিজ্ঞান বসন্ত |
| বিষ্ণু দে | ধর্মে আছো জিরাফেও আছো |
| অমিয় চক্রবর্তী | ক্রন্দসী |

১২। 'রূপ লাগি আখি ঝুরে গুণে মন ভোর'—কোন পর্যায়ের পদ? 'ঝুরে' ও 'ভোর' শব্দদুটির অর্থ লেখো।

১৩। শ্রীরূপ গোস্বামী তাঁর 'উজ্জ্বল নীলমণি' গ্রন্থে পূর্বরাগের যে সংজ্ঞা দিয়েছেন তা উল্লেখ করো।



১৪। 'দুঁহু কোরে দুঁহু কাঁদে বিচ্ছেদ ভাবিয়া/আধ তিল না দেখিলে যায় যে মরিয়া'—আলোচ্য পংক্তিটির তাৎপর্য লেখো।

১৫। 'বঁধু তোমার গরবে গরবিনী হাম'—পদটির রচয়িতা কে? 'বঁধু' শব্দটির আভিধানিক অর্থ লেখো।

## বিভাগ-খ

যে কোন *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

১৬। 'সন্ধ্যা ভাষা' কী আলোচনা করো।

১৭। 'ধর্মমঙ্গল'-কে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলার কারণ লেখো।

১৮। সুধীন্দ্রনাথ দত্তের কাব্যবৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

১৯। সমালোচকের ভাষায় শক্তির কবিতা হলো, 'জীবনের ভিতর দিয়ে মৃত্যু-মোহনার দিকে যাত্রা'—উদ্ধৃতিটির আলোকে শক্তি চট্টোপাধ্যায়ের কবিসত্তার বিশ্লেষণ করো।

২০। 'সই কে বা শুনাইল শ্যামনাম'—পদটির কাব্যসৌন্দর্য আলোচনা করো।

২১। মাথুর বলতে কী বোঝো? বৈষ্ণব পদাবলীতে এই পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য আলোচনা করো।

## বিভাগ-গ

যে কোন *দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

২২। 'চর্যাপদ'-এ প্রতিফলিত সমকালীন সমাজ জীবনের পরিচয় দাও। ১০

*[ Turn Over ]*

২৩। মঙ্গলকাব্য কাকে বলে? মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্তের কৃতিত্ব আলোচনা করো। ৩+৭=১০

২৪। আধুনিক কবি হিসেবে মধুসূদন দত্তের কবিপ্রতিভার মূল্যায়ন করো। ১০

২৫। 'এ সখি হামারি দুখের নাহি ওর'—এটি কোন্ পর্যায়ের পদ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির নাম কী? পদটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১+১+৮=১০

---



## নাট্যসাহিত্যের ধারা এবং কাব্য ও নাটক পাঠ

১। যে কোন *দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মধুসূদন দত্তের 'পদ্মাবতী' কোন্ শ্রেণীর নাটক? গ্রীসদেশের কোন্ পুরাকাহিনী থেকে এটির কাহিনী-অংশ নির্বাচিত?

(খ) দীনবন্ধু মিত্রের দুটি প্রহসনের নাম ও প্রকাশকাল লেখো।

(গ) গিরিশচন্দ্র ঘোষ রচিত চারটি ইতিহাস-নির্ভর স্বদেশী নাটকের নাম লেখো।

(ঘ) 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদটির নাম কী? এটি কে প্রকাশ করেছিলেন?

(ঙ) মন্মথ রায়ের লেখা চারটি একাঙ্ক নাটকের নাম লেখো।

(চ) রবীন্দ্রনাথের দু'টি নাট্যকাব্য এবং দু'টি কাব্যনাট্যের নাম লেখো।

(ছ) মধুসূদনের 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির প্রকাশকাল লেখো। এটিতে ফরাসী নাট্যকার মলিয়ের রচিত কোন্ প্রহসনের প্রভাব পড়েছে?

(জ) "আর দেখ্, এতে যত টাকা লাগে আমি দেবো।"—কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে?

*[ Turn Over ]*

(ঝ) "একবার ভাই বাবুগিরি করে জন্মটা সফল করে নি।"—কে, কাকে একথা বলেছে? উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।

(ঞ) আনন্দবাবু পূর্বে কোথায় বাস করতেন? বাসা পরিবর্তন করে তিনি কোথায় এসেছিলেন?

(ট) রবীন্দ্রনাথের 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? এই গ্রন্থে যে-সকল বৌদ্ধ কথা বর্ণিত হয়েছে তা কোথা থেকে গৃহীত?

(ঠ) রবীন্দ্রনাথের 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থের অন্তর্গত রাজপুত কাহিনীগুলি এবং বৈষ্ণব গল্পগুলি কোন কোন উৎস থেকে নেওয়া হয়েছে?

(ড) "গুরু যবে ভিক্ষা-আশে আসিবেন দুর্গ-পাশে

এই লিপি দিয়ো তাঁর পায়ে।"

—আলোচ্য অংশটির উৎস নির্দেশ করো। এখানে 'এই লিপি'-র পরিচয় দাও।

(ঢ) "দয়া ক'রে ক্ষম মোরে,/এফুল বেচিতে নাহি মন।"—কে, কেন একথা বলেছেন?

(ণ) "চল্, তোরে দিয়া আসি সাগরের জলে।"—অংশটির উৎস নির্দেশ করে কে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে লেখো।



২। যে-কোন *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) পৌরাণিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব বিচার করো।

(খ) পরিবারাশ্রিত সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(গ) মধুসূদনের 'বুড় সালিকের ঘড়ে রোঁ' প্রহসন অবলম্বনে বাচস্পতি চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে ভাঙ্গা শিবমন্দিরের ঘটনাটি সংক্ষেপে লেখো।

(ঙ) রবীন্দ্রনাথের 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'স্পর্শমণি' কবিতাটির সারমর্ম সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'জুতা-আবিষ্কার' কবিতায় জুতা আবিষ্কারের কাহিনীটি অতি সংক্ষেপে লেখো।

৩। যে-কোন *দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথের রূপক ও সাঙ্কেতিক নাটকগুলি সম্পর্কে আলোকপাত করো।

*[ Turn Over ]*

(গ) মধুসূদন দত্তের ‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসন হিসেবে কতখানি সার্থক তা প্রহসনের বৈশিষ্ট্যের নিরিখে বিচার করো।

(ঘ) ‘দুই বিঘা জমি’ কবিতার মধ্য দিয়ে কবি রবীন্দ্রনাথের কোন্ মানসিকতা ধরা পড়েছে তা বিবৃত করো।

---